# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

### সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট — মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ জনাব মাসুদ চৌধুরী যুবক বয়সেই তার গ্রাম তাহিরপুরের চেয়ারম্যান হন। কিন্তু শুরু থেকে তার কিছু আত্মীয়-স্বজন তার বিরুদ্ধে ষড়যন্ত্র করতে শুরু করে তাদের স্বার্থ সিদ্ধির জন্য এবং তাকে সিংহাসনচ্যুত করেন।

ক. কে বাংলায় স্বাধীন সালতানাত প্রতিষ্ঠা করেন? ১

খ. ১১৭৬ সালে বাংলায় কেন দুর্ভিক্ষ হয়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের ঘটনার সাথে নবাব সিরাজউদ্দৌলার কোন ঘটনার মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো উদ্দীপকে উল্লিখিত ঘটনাই জনাব সিরাজউদ্দৌলার পতনের একমাত্র কারণ? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

২. ★ মার্কিন যুক্তরাষ্ট্র বর্তমানে বিশ্বের সবচেয়ে শক্তিশালী দেশ। এদেশটি বিশ্বের অনেক দেশকেই বিভিন্ন ওজর দেখিয়ে দখল করেছে। এই দেশটি ইরাকের সাদ্দাম হোসেনের বিরুদ্ধে অভিযান পরিচালনা করেছে শুধু ইরাকের তেল সম্পদ দখল করার জন্য। একইভাবে আফগানিস্তানে অভিযান পরিচালনা করেছে বিশ্ব রাজনীতির অংশ হিসেবে।

ক. ভাস্কো দা গামা সর্বপ্রথম কত সালে ভারতে পৌঁছেছিলেন? ১

খ. 'ওয়েস্টফালিয়ার চুক্তি কী?' ব্যাখ্যা করো। ২

গ. আফগানিস্তান দখলের ঘটনার সাথে বাংলার কোন ঘটনার মিল রয়েছে? বিশ্লেষণ করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত তেল সম্পদ পাচারের সাথে বাংলা হতে পুঁজিপাচারের ঘটনার মিল রয়েছে— বক্তব্যটি পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩. ★ বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় লাবিরের বাবা বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্র ছিলেন। তিনি যুদ্ধের প্রশিক্ষণ নেওয়ার জন্য সে সময় চট্টগ্রামে গিয়েছিলেন এবং চট্টগ্রাম সমুদ্র বন্দরে একটি অভিযানে অংশগ্রহণ করে

Teachingbd24.com

ছিলেন। আমাদের প্রতিবেশি দেশ প্রশিক্ষণ এবং আশ্রয় নিয়ে আমাদেরকে সাহায্য করেছিল। এই দেশটি মুক্তিযুদ্ধের পক্ষে জনসমর্থন আদায় করেও আমাদেরকে সাহায্য করে।

ক. মুক্তিযুদ্ধের সময় প্রধান সেনাপতি কে ছিলেন? ১

খ. 'অপারেশন সার্চলাইট' কী? ব্যাখ্যা করো। ২

গ. লাবিবের বাবা কত নম্বর সেক্টরে যুদ্ধ করেছিল? তার যুদ্ধের বর্ণনা দাও। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত দেশটির সহযোগিতা আমাদের স্বাধীনতাকে ত্বরান্বিত করেছিল— কথাটি মূল্যায়ন করো। ৪

৪. ★ আতিক অষ্টম শ্রেণির ছাত্র। সে তার দাদার কাছ থেকে আগের দিনের সংস্কৃতি এবং জীবনযাপনের ধরন সম্বন্ধে জানতে পারে। আগের দিনের মানুষের বিনোদনের মধ্যে ছিল যাত্রা, পালাগান, সার্কাস, জারিগান, সারিগান ইত্যাদি। বর্তমানে মানুষ ফেসবুকিং এবং বিভিন্ন সাংস্কৃতিক মাধ্যমে তাদের বিনোদন পায়।

ক. চর্যাপদ কী? ১

খ. টেরাকোটা কী? ব্যাখ্যা করো। ২

গ. সামাজিক পরিবর্তনের বৈশিষ্ট্যগুলো উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো।৩

ঘ. উদ্দীপকের আলোকে সাংস্কৃতিক পরিবর্তনের কারণগুলো বিশ্লেষণ করো।৪

৫. ▶ আণিকা জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্রী। তাকে প্রতিদিনই বাহাদুর শাহ পার্ক পার হয়ে বিশ্ববিদ্যালয়ে যেতে হয়। একদিন সে পার্কে প্রবেশ করে কৌতূহলী হয়ে উঠল যখন সে সেখানে একটি পুরাতন শহীদ মিনার দেখতে পেল।

ক. আমাদের জাতীয় জাদুঘর কোথায় অবস্থিত? ১

খ. ঔপনিবেশিক যুগ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. আণিকা কেন কৌতূহলী হয়ে উঠল? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. আণিকার দেখা পার্কটির ঐতিহাসিক পটভূমি বিশ্লেষণ করো। ৪

৬. ▶ রাসেল ঢাকা রেসিডেনসিয়াল মডেল স্কুল এন্ড কলেজের ছাত্র। সে স্কুলে প্রতিদিন দেশের বিভিন্ন অঞ্চলের ছাত্রদের সাথে পরিচিত হয়। অন্যদিকে, স্কুলের বাহিরে সে বিভিন্ন স্কুলের শিক্ষার্থীদের সাথে পরিচিত হয়। এতে সে তার জাতীয়তাবোধ অনুভব করে। সে বাংলাদেশের বিভিন্ন সামাজিক বৈচিত্র্যতা বুঝতে পারে।

https://teachingbd24.com

ক. সামাজিকীকরণের সবচেয়ে শক্তিশালী মাধ্যম কোনটি? ১
খ. সামাজিকীকরণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. কোন পদ্ধতির মাধ্যমে রাসেলের মধ্যে সামাজিকীকরণ ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. সামাজিকীকরণের পদ্ধতিগুলো কী কী? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৭.▶ আলিফের চাচা দীর্ঘ ২০ বছর পর বিদেশ থেকে দেশে ফিরেছেন। তিনি দেখলেন সমাজের প্রায় সবাই প্রযুক্তির প্রভাবে পরিবর্তন হয়ে গেছে। সমাজের সকলেই যে কোনো জাতীয় ও আন্তর্জাতিক অনুষ্ঠান ঘরে বসেই দেখতে পাচ্ছে।
ক. ফেসবুক কী? ১
খ. স্থানীয় সমাজ সামাজিকীকরণে কীভাবে ভূমিকা রাখতে পারে? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত পরিবর্তনে সমাজের কোন প্রতিষ্ঠানের ভূমিকা তুমি দেখতে পাও? বিশ্লেষণ করো। ৩
ঘ. উক্ত প্রতিষ্ঠানগুলো ছাড়া সামাজিকীকরণে অন্য কোন প্রতিষ্ঠানগুলো ভূমিকা রাখতে পারে? পাঠ্যপুস্তকের আলোকে মূল্যায়ন করো। ৪

৮. ★ খালেক মিয়া গ্রামে বাস করে। তার কিছু জমি আছে। সে জমিতে ফসল চাষ করে। সে ফসলের মাধ্যমে নিজের পরিবারের প্রয়োজন মেটানোর পর অতিরিক্ত ফসল বাজারে বিক্রি করে। একদিন টেলিভিশনের মাধ্যমে সে জানতে পারল যে, তার এই সেক্টরের অবদান আমাদের মোট জাতীয় উৎপাদনে সবচেয়ে বেশি।
ক. রেমিটেন্স কী? ১
খ. GNP কী? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে যে খাতের কথা বলা হয়েছে তা কীভাবে আমাদের জাতীয় আয়ে অবদান রাখছে বর্ণনা করো। ৩
ঘ. আমাদের জাতীয় উৎপানে খালেক মিয়ার খাতসহ অন্যান্য খাতগুলো কী ভূমিকা পালন করছে? পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৯. ★ পারভেজ দেওয়ান একটি স্থানীয় সরকার বিভাগের প্রধান। তিনি জনগণের সরাসরি ভোটে নির্বাচিত হয়েছেন। তিনি সহ ১৩ জন ব্যক্তি উক্ত

https://teachingbd24.com

স্থানীয় সরকার বিভাগে নির্বাচিত হয়েছেন। তাদের মধ্যে তিনজন মহিলা সদস্যও নির্বাচিত হয়েছেন।

ক. সংবিধান কী? ১

খ. ধর্মনিরপেক্ষতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে যে স্থানীয় সরকার বিভাগের কথা বলা হয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানের কাজ পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করো। ৪

১০. ★ বাংলাদেশ অধিক জনসংখ্যার একটি দেশ। এদেশের অধিকাংশ লোকই গ্রামে বাস করে। এদেশের মাটি খুবই উর্বর এবং এদেশের অধিকাংশ জনগণই কৃষিকাজের মাধ্যমে তাদের জীবিকা নির্বাহ করে। অধিক জনসংখ্যার চাপের কারণে বসবাসের ঘরবাড়ি নির্মাণ করার জন্য লোকজন গাছ কেটে ফেলছে এবং নদী ভরাট করছে। এই কারণে দেশে বিভিন্ন ধরনের দুর্যোগ দেখা দিচ্ছে।

ক. পৃথিবীর ফুসফুস বলা হয় কাকে? ১

খ. কীভাবে মাটি ক্ষয় হয়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে যে ধরনের দুর্যোগের কথা বলা হয়েছে? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়গুলো কীভাবে বন উজাড়করণে ভূমিকা রাখে তা পাঠ্যপুস্তকের আলোকে মূল্যায়ন করো। ৪

১১. ▶ মোঃ তারেকুল ইসলাম বাংলার শিক্ষক। একদিন শ্রেণিকক্ষে তিনি বাংলা সাহিত্য নিয়ে আলোচনা করছিলেন। তিনি বললেন, এক সময় বাংলা সাহিত্য খুবই সমৃদ্ধ ছিল। আস্তে আস্তে তা প্রাচীন অবস্থা হতে সুলতানি যুগ, মঙ্গল কাব্য, পুঁথির মাধ্যমে উন্নত হয়। বাংলা সাহিত্যের বিকাশে উক্ত বিষয়গুলো খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

ক. কে চর্যাপদ আবিস্কার করেন? ১

খ. সাংস্কৃতিক পরিবর্তন কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত পুঁথি এবং মঙ্গল কাব্য সম্পর্কে বিস্তারিত লিখ? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সাহিত্য কর্মগুলোর অবদান বাংলা সাহিত্যে ছিল প্রচুর— তুমি কি কথাটির সাথে একমত? তোমার মতের পক্ষে যুক্তি দেখাও। ৪

https://teachingbd24.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

## বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. সুলতানি আমলে বাংলার রাজধানী কোথায় ছিল?
ক) ঢাকা খ) জাহাঙ্গীরনগর
গ) সোনারগাঁ ঘ) নারায়ণগঞ্জ

২. ভিক্টোরিয়া পার্কে কত সালে শহীদ মিনার নির্মাণ করা হয়?
ক) ১৮৫৭ খ) ১৮৯৯
গ) ১৯৪৭ ঘ) ১৯৫৭

৩. আমাদের দেশের প্রত্নসম্পদ হলো—
i. পুরাতন মৃৎপাত্রসমূহ
ii. মূর্তি
iii. পুরাতন দালানসমূহ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪. একজন ব্যক্তির সুস্থ বিকাশের জন্য কী দরকার?
ক) নেতৃত্ব খ) সচেতনতা
গ) সামাজিকীকরণ ঘ) যোগ্যতা

৫. কোন মাধ্যমটি শক্তিশালী এবং বিশ্বব্যাপী জনপ্রিয়?
ক) বেতার খ) টেলিভিশন
গ) সিনেমা ঘ) সংবাদপত্র

৬. স্থানীয় সমাজের উপাদান কোনটি?
ক) খেলার ক্লাব খ) শিক্ষাপ্রতিষ্ঠান
গ) রাজনৈতিক দল ঘ) শ্রমিক সংঘ

৭. স্থানীয় জনগণের মধ্যে অনেক বিষয়ে মিল দেখা যায় তা হলো—
i. ভাষা
ii. ধর্ম
iii. আচরণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. ★ জিডিপিতে কয় বছরের উৎপাদন অন্তর্ভুক্ত করা হয়?
ক) ১ বছর খ) ২ বছর
গ) ৩ বছর ঘ) ৪ বছর

৯. বাংলাদেশের অধিকাংশ লোক কোথায় বাস করে?
ক) পৌরসভায় খ) সিটি কর্পোরেশনে
গ) গ্রামে ঘ) শহরে

১০. একটি দেশের উন্নয়নের নির্দেশক হলো—
i. জিডিপি
ii. মাথাপিছু আয়
iii. সম্পদ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১. রাষ্ট্র কোন প্রকারের সংগঠন?
ক) সামাজিক খ) অর্থনৈতিক
গ) সেবামূলক ঘ) রাজনৈতিক

১২. ★ কার দ্বারা একটি দেশের প্রশাসন চলে?
ক) প্রধানমন্ত্রী খ) রাষ্ট্রপতি
গ) সরকার ঘ) সচিবালয়

১৩. বাংলাদেশের সংবিধানে কয়টি অনুচ্ছেদ আছে?
ক) ১৫১ খ) ১৫২
গ) ১৫৩ ঘ) ১৫৫

নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:

সালাম ও কালাম একটি দুর্যোগ নিয়ে আলোচনা করছিল। সালাম বলল, ১৯৯৮ সালে আমি একটি দুর্যোগ দেখেছি। সে সময় নৌকা ছিল আমাদের যাতায়াতের একমাত্র মাধ্যম। মানুষ তাদের গবাদিপশু এবং সকল আসবাবপত্র নিয়ে উঁচু বাঁধে আশ্রয় নিয়েছিল।

১৪. উদ্দীপকে সালাম ১৯৯৮ সালের কোন দুর্যোগের কথা বলেছে?
ক) খরা খ) বন্যা
গ) ঘূর্ণিঝড় ঘ) ভূমিকম্প

https://teachingbd24.com

১৫. এই দুর্যোগে যে ধরনের ক্ষতি হয়েছিল—
i. ঘরবাড়ি এবং গাছপালা পানির নিচে তলিয়ে যায়
ii. গুটি বসন্ত ছড়িয়ে পড়ে
iii. পানিবাহিত রোগ ছড়িয়ে পড়ে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৬. ★ ভাস্কো-দা-গামা কোন বন্দরে অবতরণ করেন?
(ক) কলকাতা (খ) কালিকট
(গ) চট্টগ্রাম (ঘ) মুম্বাই

১৭. সিরাজউদ্দৌলা কত বছর বয়সে সিংহাসনে অবতরণ করেন?
(ক) ২০ বছর (খ) ২২ বছর
(গ) ২৪ বছর (ঘ) ২৫ বছর

১৮. ★ লর্ড ক্লাইভ কে ছিলেন?
(ক) ভারতের প্রধানমন্ত্রী
(খ) ইংরেজ সেনাপতি
(গ) ভারতীয় সেনাপতি
(ঘ) পর্তুগালের সেনাপতি

১৯. পাকিস্তান কখন স্বাধীনতা পায়?
(ক) ১৩ আগস্ট, ১৯৪৭
(খ) ১৪ আগস্ট, ১৯৪৭
(গ) ১৫ আগস্ট, ১৯৪৭
(ঘ) ১৬ আগস্ট, ১৯৪৭

২০. নবাবের বিরুদ্ধে ষড়যন্ত্রকারীরা হলেন—
i. মীর জাফর
ii. ঘসেটি বেগম
iii. রায়দুর্লভ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২১. বাংলাদেশের জাতীয় পতাকা সর্বপ্রথম কখন উত্তোলন করা হয়?
(ক) ২ মার্চ, ১৯৭১ (খ) ৭ মার্চ, ১৯৭১
(গ) ২৬ মার্চ, ১৯৭১ (ঘ) ১৬ ডিসেম্বর, ১৯৭১

২২. মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে—
(ক) ১০ এপ্রিল, ১৯৭১ (খ) ১৪ এপ্রিল, ১৯৭১
(গ) ১৭ এপ্রিল, ১৯৭১ (ঘ) ২০ এপ্রিল, ১৯৭১

২৩. নিউইয়র্কে 'বাংলাদেশ কনসার্ট' কে আয়োজন করেছিলেন?
(ক) মাইকেল মুর (খ) জর্জ হ্যারিসন
(গ) কার্ম টালি (ঘ) এন্থনি মাসকারেনস

২৪. কোন কোন জেলা ৮নং সেক্টরের অধীনে ছিল?
i. কুষ্টিয়া
ii. যশোর
iii. সাতক্ষীরা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫. ★ সংস্কৃতিকে ভাগ করা হয়—
(ক) দুই ভাগে (খ) তিন ভাগে
(গ) চার ভাগে (ঘ) পাঁচ ভাগে

২৬. শ্রীকৃষ্ণ এবং রাধার নামে রচিত গানগুলো কী নামে পরিচিত?
(ক) চর্যাপদ (খ) বৈষ্ণব পদাবলি
(গ) মহাভারত (ঘ) রামায়ণ

২৭. আব্বাস উদ্দীনকে লোক সংগীতের কী বলা হয়?
(ক) সম্রাট (খ) রাজা
(গ) রাজপুত্র (ঘ) প্রজা

২৮. শিশু একাডেমির শাখা কোথায় আছে?
(ক) প্রত্যেক বিভাগে (খ) প্রত্যেক ইউনিয়নে
(গ) প্রত্যেক গ্রামে (ঘ) প্রত্যেক জেলায়

২৯. ★ বাংলা সাহিত্যের বিখ্যাত পুঁথি হলো—
i. ইউসুফ জুলেখা
ii. লাইলি মজনু
iii. বিষাদ সিন্ধু
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩০. ঢাকার মসজিদগুলো কোন স্থাপত্য রীতি অনুযায়ী তৈরি হয়েছে?
(ক) সেন (খ) মোগল
(গ) চন্দ্র (ঘ) পাল

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | খ | ৬ | ক | ৭ | খ | ৮ | ক | ৯ | গ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | খ |
| ১৬ | খ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ক | ২১ | ক | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | খ |

https://teachingbd24.com